

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।

পত্র নং: ৩৩.০২.৬৭০৬.৫০১.২৬.০১০.২৩-৪৬

তারিখঃ ১৭/০৭/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে নদীতে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনার জন্য পুলিশ ফোর্স প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের মৎস্য সম্পদ সংরক্ষণ ও উন্নয়নের বিষয়ে জনগনের মাঝে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি, মৎস্যচাষ সম্প্রসারণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এ বছরও সারা দেশব্যাপী আগামী ২৪ জুলাই-৩০ জুলাই “জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩” উদযাপিত হতে যাচ্ছে। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে বিভিন্ন কর্মসূচির মধ্যে আগামী ২৬/৭/২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় নদীতে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনার আয়োজন করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনার জন্য উল্লিখিত তারিখ ও সময়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

মোঃ মোস্তফা মিয়া
উপজেলা মৎস্য কর্মকর্তা
বন্দর, নারায়ণগঞ্জ।

অফিসার ইনচার্জ
কলাগাছিয়া নৌপুলিশ স্টেশন
বন্দর, নারায়ণগঞ্জ